গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধ এবং পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ১৬ মে ২০২০ তারিখের পর নিম্নলিখিত শর্তসাপেক্ষে বিদ্যমান সাধারণ ছুটি বৃদ্ধি করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(১) আগামী ১৭ মে ২০২০ হেকে ২৮ মে ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হলো। ২১ মে ২০২০ (শব-ই-ক্বদরের সরকারি ছুটি), ২২-২৩ ও ২৯-৩০ মে ২০২০ তারিখের সাপ্তাহিক ছুটি এবং ২৪, ২৫ ও ২৬ মে ২০২০ তারিখ (ঈদ-উল-ফিতরের সাধারণ / সরকারি ছুটি) এ ছুটির অন্তর্ভুক্ত থাকবে;
(২) সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞাকালীন জনসাধারণ ও সকল কর্তৃপক্ষকে অবশ্যই স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে;
(৩) সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞাকালীন জরুরি পরিষেবা, যেমন-বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানী, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এ ছুটির বাইরে থাকবেন;
(৪) সড়ক ও নৌ পথে সকল প্রকার পণ্য পরিবহনের কাজে নিয়োজিত যানবাহন (ট্রাক, লরি, কার্গো ভেসেল প্রভৃতি) চলাচল অব্যাহত থাকবে;
(৫) কৃষি পণ্য, সার, কীটনাশক, খাদ্য, শিল্প পণ্য, রাষ্ট্রীয় প্রকল্পের মালামাল, কাঁচা বাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সবের সাথে সংশ্লিষ্ট কর্মীদের ক্ষেত্রে এ ছুটি প্রযোজ্য হবে না;
(৬) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মী এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মী, গণমাধ্যম (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া) এবং ক্যাবল টিভি নেটওয়ার্কে নিয়োজিত কর্মীগণ এ সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে;
(৭) ঔষধশিল্প, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্পসহ সকল কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য সেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে। স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত 'বিভিন্ন শিল্প কারখানায় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে নির্দেশনা' প্রতিপালন নিশ্চিত করতে হবে;
(৮) পরিস্থিতি বিবেচনা করে পরবর্তীতে শিল্প-কারখানা, কৃষি এবং উৎপাদন ও সরবরাহ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলো পর্যায়ক্রমে উন্মুক্ত করা হবে;
(৯) সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞাকালীন কোনো শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না;
(১০) রমজান, ঈদ এবং ব্যবসা-বাণিজ্যের সুবিধা বিবেচনায় ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;
(১১) সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের নিয়ন্ত্রণাধীন অফিসসমূহ প্রয়োজন অনুসারে খোলা রাখবে। সেইসঙ্গে তারা তাদের অধিক্ষেত্রের কার্যাবলি পরিচালনার জন্য সুনির্দিষ্ট নির্দেশনা জারি করবে। মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে; এবং
(১২) উক্ত সাধারণ ছুটিকালীন কেউ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
১৪/০৫/২০২০
(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নং-৩৮.০০.০০০০.০০১.৯৯.০০১.১৭- ২২৫

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের প্রেক্ষিতে অনুলিপি সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৪/০৫/২০২০
(মনোয়ারা ইশরাত)
উপসচিব
ফোনঃ ৯৫৭১৮০১

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর-২, ঢাকা।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষ অধিদপ্তর ।
১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।
১১. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
১২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
(www.bnfe.gov.bd)

স্মারক নং-৩৮.০০.০০০০.৩০১.১৮.২৪৫.১৪-২৫২

তারিখ: ০৩ জৈষ্ঠ্য ১৪২৭ / ১৭ মে ২০২০

**পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু, ঢাকা।
(সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)
৩। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), উশিব্যু/জেউশিব্যু।
৬। লাইব্রেরিয়ান/স্টোর অফিসার, উশিব্যু, ঢাকা।
৭। কর্মচারী (সকল),উশিব্যু/জেউশিব্যু।
৮। অফিস কপি।

২৭/৫/২০২০

মোঃ রিপন কবির লস্কর
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ৯৮৯২৭৩৯